গাংনীতে গাঁজাসহ মাদক কারবারী আটক

১০০ গ্রাম গাঁজাসহ সোহান হোসেন নামের এক মাদক কারবারীকে আটক করেছে বামন্দী পুলিশ ক্যাম্প।
আটক সোহান বামন্দী পশ্চিমপাড়া এলাকার ইরফান আলীর ছেলে।
সোমবার দিবাগত মধ্যরাতে তার বাড়িতে অভিযান চালিয়ে গাঁজাসহ সোহানকে আটক করে পুলিশ।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।
সোহানের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ মঙ্গলবার (১৩ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট মাসুদ আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর বাজারে অভিযান চালিয়ে অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট মাসুদুর রহমান ওরফে মাসুদকে (৩০) গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার সন্ধ্যায় মুজিবনগর উপজেলার কোমরপুর বাজার থেকে তাকে গ্রেফতার করা হয়। মাসুদ রহমান মেহেরপুর সদর উপজেলার বলিয়ারপুর গ্রামের মুনছের আলীর ছেলে। কোমরপুর বাজারে ওয়ালটন শো রুমের ডিলার তিনি। এছাড়াও কৃষি মেশিনারিজের একটি দোকানও রয়েছে তার।

মুজিবনগর থানার ওসি মেহেদি রাসেল জানান, অনলাইন জুয়ার বন্ধে মেহেরপুর জেলা পুলিশের তথ্যনুসন্ধান ও গ্রেফতার অভিযান চলমান। এর অংশ হিসেবে তথ্য প্রযুক্তির ব্যবহার এবং কিছুদিন আগে গ্রেফতার হওয়া এক আসামির স্বীকারোক্তিতে মাসুদ রহমানের বিষয়টি সামনে আসে। তদন্তে মাসুদ বড় আকারের একজন এজেন্ট ও অনলাইন জুয়ার মাস্টার

মাইন্ড বলে নিশ্চিত হয় পুলিশ। এর প্রেক্ষিতে মাসুদ রহমানকে গ্রেফতারে অভিযান চালানো হয়। তার কাছে থেকে দুটি এ্যান্ড্রয়েড মোবাইল ফো উদ্ধার করা হয়েছে। তাকে অনলাইন জুয়ার মামলার আসামি হিসেবে মঙ্গলবার মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছেন ওসি।

ওসি আরো জানান. এর আগে গ্রেফতার হওয়া অনলাইন জুয়ার এজেন্টদের স্বীকারোক্তিতে পুলিশের সামনে আসে মাসুদ। তারপর থেকে পুলিশ মাসুদ আটক করতে বিভিন্ন ভাবে অনুসন্ধান শুরু করে।

স্থানীয় অনুসন্ধানে জানা গেছে, মাসুদুর রহমান মাসুদ এর আগে বিজিবি তে চাকরি করতেন। সেখানে চোরকারবারীর সাথে জড়িত থেকে অনেক টাকা অবৈধভাবে আয় করেন এবং বিজিবি তার চাকরি চলে যায়। সেই টাকা দিয়ে তিনি কোমরপুর বাজারে ওয়ালটন শোরুমের ডিলার নিয়ে ব্যবসা শুরু করেন। পাশাপাশি শুরু করেন অনলাইন জুয়ার ব্যবসা।

মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানে জানা গেছে, মাসুদ রহমান মাসুদ অনলাইন জুয়াড়ীদের পুলিশের হাত থেকে বাঁচানোর জন্য পুলিশের নাম করে বিভিন্ন জুয়াড়ীদের কাছে চাঁদা আদায় করেও সেই টাকা আত্মসাৎ করেন।

বিস্তারিত আগামী কালের পত্রিকায়

ইজিবাইক ছিনতাই করতেই চালককে হত্যা, তিনজন গ্রেফতার

ইজিবাইক ছিনতাই করতেই হত্যা করা হয় মেহেরপুরের শোলমারী গ্রামের আব্দুর রহমানকে। আর ঘটনাটা ভিন্নখাতে প্রবাহিত করা ও মিশন শেষে নিরাপদে চলে যেতে পারায় আবাসিক হোটেলটিকে বেছে নেই ছিনতাইকারীরা।

ইজিবাইক চালক আব্দুর রহমান লাশ উদ্ধারের ১২ ঘন্টার মধ্যেই দুই ঘাতককে গ্রেফতার ও ইজিবাইক উদ্ধারের ঘটনায় পুলিশের পক্ষ থেকে

[redacted]

[redacted]

[redacted]

[

আটক আমেনা খাতুন গাংনী পৌরসভার শিশিরপাড়া গ্রামের মধ্যপাড়া এলাকার মতিয়ার রহমানের স্ত্রী।

এই মামলায় তার স্বামী মতিয়ার রহমান পলাতক রয়েছে। আমেনা খাতুনের কাছ থেকে ৩ গ্রাম হেরোইন ও ৩০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, আটক আমেনা খাতুন ও তার স্বামী মতিয়ার রহমান বাড়িতে মাদক জড়ো করে বিক্রি করার প্রস্তুতি নিচ্ছে এমন খবরের ভিত্তিত্বে উপপরিদর্শক (এসআই) মিলন কুমার বিশ্বাসের নেতৃত্বে পুলিশের একটি টিম ওই বাড়িতে অভিযান চালান। পুলিশের উপস্থিতি টের পেয়ে মতিয়ার রহমান পালিয়ে যায়। হেরোইন ও ইয়াবাসহ আটক হন স্ত্রী আমেনা খাতুন।

হেরোইন ও ইয়াবা উদ্ধারের ঘটনায় আমেনা খাতুন ও মতিয়ার রহমানের নামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দেওয়া হয়েছে। আটক আমেনা খাতুনকে আজ সোমবার (১২ জুন) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুৃর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।
এদের মধ্যে
আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ ও সিআর মামলায় ২ জন আসামি গ্রেফতার হয়েছে। এছাড়া মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ আসামি গ্রেফতার হয়েছে।
মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেপতার

করেন।
গ্রেফতারকৃতদের আজ রবিবার (১১ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে পুলিশের অভিযানে ফেনসিডিলসহ কুষ্টিয়ার ২ মাদক কারবারি আটক

গাংনী উপজেলার কাজিপুর গ্রামে অভিযান চালিয়ে ৫ বোতল ফেনসিডিলসহ দুই স্কুল ছাত্র আটক করেছে গাংনী থানা পুলিশ।
আটকরা হলেন, কুষ্টিয়া সদর উপজেলার বারখাদা ত্রিমোহনী গ্রামের খাইরুল ইসলামের ছেলে জাহিদ হাসান (২০) ও একই এলাকার মিরাজুল ইসলাম ওরফে মিরাজের ছেলে তুহিন (৩৬)। এসময় তাদের কাছ থেকে একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে।জাহিদ হাসান দশম শ্রেনীর ছাত্র।
আজ শনিবার (১০ জুন) দুপুরের দিকে কাজিপুর এলাকায় অভিযান চালিয়ে এই দুই মাদক কারবারিকে আটক করে পুলিশ।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।
এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্র্রন আইনে মামলা দিয়ে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার -৭

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের নিয়মিত ১২ ঘন্টার অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৭ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে মাদক মামলায় ২ আসামি ও আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ১ ও সিআর মামলায় ১ জন, গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত ও আদালতের পরোয়ানাভূক্ত ৩ আসামি গ্রেফতার হয়েছে।
শুক্রবার দিবাগত রাতে এই দুটি থানার বিভিন্ন গ্রামে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।
পুলিশ সুপার মো: রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন। সংশ্লিষ্ট থানাগুলোর ডিউটি রুম থেকে এই তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতারকৃতদের আজ শনিবার (১০ জুন) আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্সে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বৃক্ষ রোপন

চুয়াডাঙ্গা জেলা পুলিশ লাইন্সে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বৃক্ষ রোপন করা হয়েছে।

সোমবার বেলা সাড়ে দশটার সময় পুলিশ লাইন্স প্যারেড মাঠের চতু্র্দিকে সীমানা প্রাচীর ঘেঁষে প্রায় ০.৭৫ কি.মি. এলাকায় শতাধিক মেহগনি গাছের চারা রোপন করা হয়।

গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা জেলা পুলিশের আয়োজনে এবং বেসরকারি প্লাটফর্ম বনায়ন এর সহযোগিতায় সবুজ বাংলাদেশ বিনির্মাণে যা পর্যায়ক্রমে চুয়াডাঙ্গা জেলার সকল ইউনিট- থানা, ফাঁড়ি, তদন্ত কেন্দ্র এবং ক্যাম্পে ফলজ বনজ ও ঔষধি গাছের চারা রোপনের আওতায় আনা হবে।

উক্ত বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক, চুয়াডাঙ্গা পুলিশ

লাইন্স পুলিশ পরিদর্শক (সঃ) কাশেম আলী, ঝিনাইদহ লিফ রিজিওন রিজিওনাল লীফ ম্যানেজার মাজেদুল হক খাঁন, এআইও মোহাম্মদ সরোয়ার আলম, মোঃ আতিয়ার রহমান, তানভির নিশাত সহ অন্যান্য পুলিশ সদস্যবৃন্দ।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৮

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৮ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ৩ ও আদালতের পরোয়ানাভূক্ত ২ আসামি এবং সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ৩ আসামি রয়েছে।

রবিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ সোমবার ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন। গ্রেফতারকৃত আসামিদের আজ সোমবার (৫ জুন) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।